দৈনিক জনকণ্ঠ

16

তারিখ ..2 5.APR-1995

পৃষ্ঠা ৭ কলাম ৬

## ভর্তি পরীক্ষার প্রশ্ন ফাঁস

# তদন্ত কমিটি দ্রুত গতিতে কাজ করছে

জনকণ্ঠ রিপোর্ট

ঢাকা বিশ্ববিদ্যালয় 'খ' ইউনিটের ভর্তি পরীক্ষা কি বাতিল হচ্ছে? সোমবার ছাত্র, অভিভাবক, পরীক্ষার্থী সবারই এ জিজ্ঞাসা ছিল। জনকণ্ঠ অফিসে অসংখ্য চিঠি দিয়ে, টেলিফোন করে সশরীরে

(শেষ পৃষ্ঠা ৩ কঃ দেখুন)

## ঢাকা ভার্সিটি

(প্রথম পাতার পর)

বিশ্ববিদ্যালয় কমিটি দু'গ্রুপের মধ্যে সমঝোতা আনতে ব্যর্থ হয়। তবে পরবর্তী সিদ্ধান্তের আগে উভয় পক্ষ শান্ত থাকার অঙ্গীকার করে।

এদিকে সোমবার দুপুর সাড়ে বারটায় সংগঠনের মহসীন হলে অবস্থিত টাঙ্গাইল গ্রুপ সূর্যসেন হল গেটের সামনে অবস্থান নেয়। সূর্যসেন হলের টাঙ্গাইলবিরোধী গ্রুপ এ সময় মল চত্বরে অবস্থান করছিল। এক কর্মীর কাছে তারা শুনতে পায় যে, টাঙ্গাইল গ্রুপ সূর্যসেন হল দখল করেছে। সাথে সাথে মল চত্বর থেকে গুলি করতে করতে টাঙ্গাইলবিরোধী গ্রুপ সূর্যসেন হলের সামনে আসে। এ সময় হলের কলাপসিবল গেট ছিল তালাবদ্ধ। টাঙ্গাইলবিরোধী গ্রুপের কয়েকজন এ সময় পাইপ বেয়ে হলের ভিতর প্রবেশ করে। এরপর শুরু হয় দু'গ্রুপের গুলি বিনিময়। জমজমাট ক্যাম্পাস মুহূর্তেই ফাঁকা হয়ে যায়। টাঙ্গাইল গ্রুপ অবস্থান নেয় মহসীন হলের সামনে। গোলাগুলি শুরুর প্রথম দিকে পুলিশ ধীরপায়ে মল চত্বর হয়ে সূর্যসেন হলের দিকে আসে। প্রায় আধঘণ্টা ধরে প্রস্তুতি ও পরিকল্পনা নিয়ে তারা সূর্যসেন ও মহসীন হলে টিয়ার গ্যাস শেল নিক্ষেপ করে। টিয়ার গ্যাসের ঝাঁঝ লেগে সাধারণ ছাত্ররা এদিক-ওদিক ছোটাছুটি করতে থাকে। গুলির শব্দ শুনে মহসীন হলের এক ছাত্র অজ্ঞান হয়ে যায়। এছাড়া গোলাগুলি চলার সময় টাঙ্গাইলবিরোধী গ্রুপ সূর্যসেন হলের ৩১০, ৩২২ ও ৩৬৩ নম্বর কক্ষ ভাঙচুর করে।

বন্দুকযুদ্ধের পর সূর্যসেন ও মহসীন হলে এখন থমথমে অবস্থা বিরাজ করছে। দু' হলগেটে বাড়তি পুলিশ মোতায়েন করা হয়েছে। সূর্যসেন হলে অবস্থিত টাঙ্গাইল গ্রুপ এখন চলে আসছে মহসীন হলে। যে কোন মুহূর্তে অপ্রীতিকর ঘটনার আশঙ্কা করছে সাধারণ ছাত্ররা।

### ছাত্রদল নেতা গুলিবিদ্ধ

জাতীয়তাবাদী ছাত্রদলের রমনা থানা শাখার প্রচার সম্পাদক হারুন (২৫) সোমবার রাত পৌনে নয়টায় গুলিবিদ্ধ হয়েছে। কাকরাইলের রাজমনি সিনেমা হলের সামনে দিয়ে বেবিট্যাক্সিযোগে যাওয়ার সময় সন্ত্রাসীচক্র বেবিট্যাক্সি থামিয়ে তাকে গুলি করেছে।